# অমি ও আইসক্রিম'অলা

ফরিদুর রেজা সাগর

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. অমি কোন ধরনের আইসক্রিম খেতে চেয়েছিল?**
ⓚ চকলেট ⓛ স্ট্রবেরি ● ভ্যানিলা ⓝ চকবার

**২. অমি কালাম সাহেবের ওখানে উঠেছিল কেন?**
● তাদের গাড়ি নষ্ট হয়েছিল ⓛ তারা বেড়াতে গিয়েছিল
ⓜ ওখানে যাওয়ার উদ্দেশ্য ছিল ⓝ মামাকে দেখতে গিয়েছিল

**অনুচ্ছেদের আলোকে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**

সোহেল বেড়াতে গিয়েছিল গ্রামে তার দাদার বাড়িতে। রাতে যে ঘরে তাদের শোবার ব্যবস্থা হলো তার চাল টিনের। হালকা ঝড়বৃষ্টি হলো সারারাত ধরে। টিনের চালে থেকে কী যেন একটা একবার এপাশে আর একবার ওপাশে সরে সরে যাচ্ছে। সোহেল সমস্ত রাত গুটিসুটি হয়ে শুয়ে থাকল। ভয়ে তার ঘুম এলো না। কারণ সে শুনেছে গ্রামে বরই গাছে খারাপ কিছু থাকে।

**৩. কোন কারণটি অমি আর সোহেলের ভয় পাওয়ার উৎস?**
● উভয়ে ভূতে বিশ্বাসী ⓛ উভয়েই সমবয়সি
ⓜ দুজনের ঘটনা পুরনো বাড়িতে ⓝ দুজনই ভিতু প্রকৃতির

**৪. অমি আর সোহেলের ধারণা পরিবর্তন ঘটানো যাবে–**
i. তাদের ভূত সম্পর্কে পরিষ্কার ধারণা দিয়ে
ii. ভূতের দু–একটি ঘটনার কার্যকারণ ব্যাখ্যা করে
iii. তাদের নিজ নিজ গ্রামে বেড়াতে নিয়ে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** জমিদার বাড়িটি সংস্কার ও সংরক্ষণ করা

আমিনুল হক মামার সাথে বেড়াতে গেল দিনাজপুর। সেখানে রাজার ভগ্ন রাজবাড়ি। কান্তজিউর মন্দির আর রামসাগর দেখে খুবই ভালো লাগে। স্থানীয় গাইডের কাছে সে শোনে এই রামসাগরে ভরা পূর্ণিমার রাতে সোনার নৌকা রুপার বৈঠা দিয়ে কে যেন নৌকা বায়। অনেকেই নাকি লুকিয়ে লুকিয়ে দেখেছে এই দৃশ্য। মানুষের সাড়া শব্দ পেলেই টুপ করে ডুবে যায় সেই নৌকা। আমিনুল চারপাশে ঘুরে ঘুরে রামসাগর দিঘি দেখে। সেখানে এখন আধুনিক পদ্ধতিতে মাছ চাষের ব্যবস্থা করা হয়েছে। লোকজন নৌকা দিয়ে মাছ ধরছে। কেউ কেউ মাছের খাবার দিচ্ছে। সংস্কারকৃত দিঘিটি এখন বাংলাদেশের অর্থনীতির একটি অংশ।

ক. অমি'র দেখা পাখিটির নাম কী?
খ. অমি পানির কল থেকে পানি বের করতে পারল না কেন?
গ. রামসাগর সম্পর্কে 'গাইডের দেওয়া তথ্য আর রাজা রায় বল্লভ রায় সম্পর্কে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের যে মিল তা বর্ণনা কর।
ঘ. রামসাগরের মতোই জমিদারবাড়িটিকেও বাংলাদেশের অর্থনীতিতে কীভাবে যুক্ত করা যায়। –ব্যাখ্যা কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** অমি'র দেখা পাখিটির নাম রঙিলা।

**খ** কলের প্যাঁচ খুলতে না পারায় অমি পানির কল থেকে পানি বের করতে পারল না।

অমির মামা যে বাড়িতে থাকতেন সেটা ছিল একটা পরিত্যক্ত জমিদার বাড়ি। জমিদার ছিলেন রাজা রায় বল্লভ রায়। তিনি একবার আমেরিকা গিয়েছিলেন। আমেরিকায় কল উল্টো দিকে ঘোরালে পানি আসে, লাইটের সুইচ উল্টো দিকে টিপলে বাতি জ্বলে। জমিদার তার এই বাড়ির সবকিছু আমেরিকার নিয়মে তৈরি করেছিলেন। কিন্তু অমির সে কথা জানা ছিল না। তাই সে কল থেকে পানি বের করতে পারল না।

**গ** অবাস্তব বিষয়ের বর্ণনার দিক দিয়ে রামসাগরের সম্পর্কে গাইডের দেয়া তথ্য আর রাজা রায় বলরভ রায় সম্পর্কে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের মিল রয়েছে।

রামসাগর দিঘিটিকে বাংলাদেশের বৃহত্তম মানবসৃষ্ট দিঘি হিসেবে বিবেচনা করা হয়। এটি দিনাজপুর শহর থেকে ৮ কিলোমিটার দূরে তেজপুর গ্রামে অবস্থিত। দর্শনীয় এই দিঘিটিকে নিয়ে সেখানকার গাইডদের মধ্যে বেশ কিছু ভুল ধারণা রয়েছে। তাদের মতে ভরা পূর্ণিমার রাতে এই রামসাগর দিঘিতে কে যেন সোনার নৌকা রুপার বৈঠা দিয়ে বায়। মানুষের সাড়াশব্দ পেলেই সে নৌকা টুপ করে ডুবে যায়। গাইডদের দেয়া এই তথ্যের সাথে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের বেশ মিল রয়েছে। এখানে রাজা রায় বল্লভ আইসক্রিম'অলার বেশ ধরে পরিত্যক্ত বাড়িটির চারপাশে ঘুরে বেড়ান। এলাকার অনেকের মতো অমিও তাকে দেখতে পেয়েছিল। মানুষের সাড়াশব্দ পেলে সোনার নৌকাটি যেমন ডুবে যেত তেমনি রাজার অশরীরী আত্মাও অদৃশ্য হয়ে যায়।

**ঘ** রামসাগরের মতো গল্পের জমিদার বাড়িটির প্রতি সরকারের সুদৃষ্টি ও কার্যকর উদ্যোগের মাধ্যমে তা বাংলাদেশের অর্থনীতিতে যোগ করা যায়।

বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের তত্ত্বাবধানে রামসাগর দিঘিটি বর্তমানে একটি বিখ্যাত পর্যটন কেন্দ্রে পরিণত হয়েছে। সেখানে এখন আধুনিক পদ্ধতিতে মাছ চাষের ব্যবস্থা করা হয়েছে।

দিঘি এলাকার সৌন্দর্য বৃদ্ধির জন্য বেশ কিছু পদক্ষেপ নেয়া হয়েছে। দিঘিটির সৌন্দর্য উপভোগ করতে সেখানে এখন প্রচুর পর্যটক ভিড় জমান। রামসাগর তাই বাংলাদেশের অর্থনীতির একটা অংশ। রামসাগর দিঘির মতো 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের পরিত্যক্ত জমিদার বাড়িটিকেও সংস্কার করে পর্যটন কেন্দ্রে পরিণত করা যায়। বাড়িটিতে প্রয়োজনীয় সংস্কারের কাজ করলে তা আবার পূর্বের জৌলুস ফিরে পাবে। বাড়িটিকে দেখার জন্য দর্শনার্থীদের অভাব হবে না। তখন দেশি–বিদেশি পর্যটকদের আকৃষ্ট করার মাধ্যমে বাংলাদেশের অর্থনীতিতে স্থায়ী একটি জিনিস যুক্ত হবে।

উলিরখিত পদ্ধতি অবলম্বন করে বাংলাদেশ সরকার যদি 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজবাড়িটি সংরক্ষণের ব্যবস্থা নেয়, তাহলে একে পর্যটন কেন্দ্রে পরিণত করে বাংলাদেশের অর্থনীতিতে যুক্ত করা উচিত।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিক্ষার্থীদের পরীক্ষা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

## ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ➲ লেখক পরিচিতি ➠ বোর্ড বই, পৃষ্ঠা ৪১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. ফরিদুর রেজা সাগর কত সালে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ক ১৯২৫ খ ১৯৩৫
গ ১৯৪৫ ● ১৯৫৫

**২. ফরিদুর রেজা সাগর কোন জেলায় জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ক ময়মনসিংহ ● ফরিদপুর গ গোপালগঞ্জ ঘ বরিশাল

**৩. ফরিদুর রেজা সাগরের মায়ের নাম কী?** (জ্ঞান)
● রাবেয়া খাতুন খ রাজিয়া খাতুন
গ মালেকা বেগম ঘ খাদিজা বেগম

**৪. ফরিদুর রেজা সাগর কত সালে বাংলা একাডেমি পুরস্কারে ভূষিত হন?** (অনুধাবন)
ক ২০০১ খ ২০০২ গ ২০০৩ ● ২০০৫

**৫. ফরিদুর রেজা সাগর বাংলা একাডেমি পুরস্কার লাভের কারণ–** (জ্ঞান)
● শিশুসাহিত্যে বিশেষ অবদান খ চলচ্চিত্র প্রযোজনা
গ সাংবাদিকতায় বিশেষ অবদান ঘ ব্যক্তিগত জীবনে সফলতা

**৬. 'ছোট কাকু' সিরিজ গ্রন্থটির রচয়িতা কে?** (জ্ঞান)
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ নাসির উদ্দীন
গ সুফিয়া কামাল ● ফরিদুর রেজা সাগর

**৭. ফরিদুর রেজা সাগর ছোটদের জন্য কয়টি গ্রন্থ রচনা করেছেন?** (জ্ঞান)
ক ২০ ● ২৫ গ ৩০ ঘ ৩৫

**৮. ফরিদুর রেজা সাগর জাতীয় চলচ্চিত্র পুরস্কার লাভ করেন কেন?** (জ্ঞান)
ক চলচ্চিত্রে অভিনয়ের জন্য ● চলচ্চিত্র প্রযোজনার জন্য
গ চলচ্চিত্র ভালোবাসার জন্য ঘ চলচ্চিত্র সংগঠন গড়ে তোলার জন্য

### ➲ মূলপাঠ ➠ বোর্ড বই, পৃষ্ঠা ৩৫-৪১

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯. উঠোনের কোণায় কী গাছ ছিল?** (জ্ঞান)
ক আমগাছ খ তেঁতুলগাছ ● নিমগাছ ঘ বরইগাছ

**১০. অনেক গুণ রয়েছে–** (জ্ঞান)
● নিমগাছের খ বেলগাছের গ কাঁঠালগাছের ঘ তুলসীগাছের

**১১. দু'চাকা'অলা বাক্স ঠেলে লোকটা কী বিক্রি করতে এসেছিল?** (জ্ঞান)
ক চকলেট ● আইসক্রিম গ বিস্কুট ঘ পিঠা

**১২. কোথায় জমিদার সাহেবের ছবি টাঙানো ছিল?** (জ্ঞান)
ক গেটের পাশে খ খাবার ঘরে গ শোয়ার ঘরে ● বসার ঘরে

**১৩. অমি কোথায় যাচ্ছিল?** (জ্ঞান)
ক ঢাকা খ খুলনা ● ময়মনসিংহ ঘ রাজশাহী

**১৪. আইসক্রিম'অলা অমির কাছে কী চেয়েছিলেন?** (জ্ঞান)
● খাবার পানি খ সকালের নাস্তা গ গাড়ির চাবি ঘ রাজার ছবি

**১৫. কেয়ারটেকার আবুল চাচা কোথায় গিয়েছিলেন?** (জ্ঞান)
ক যুদ্ধে খ অফিসে ● বাজারে ঘ জঙ্গলে

**১৬. কার করুণ পরিণতি হয়েছিল?** (জ্ঞান)
ক অমির ● জমিদারের গ কালাম সাহেবের ঘ আবুল চাচার

**১৭. 'আইসক্রিম' আনার বাক্সটা কীসের তৈরি?** (জ্ঞান)
● কাঠ খ লোহা গ পরাস্টিক ঘ টিন

**১৮. স্থানীয় কোন মাতব্বর রাজাকে খুব করে বলে শোনা যায়?** (জ্ঞান)
● মাতব্বর মাহতাবউদ্দিন খ মাতব্বর জামাল উদ্দিন
গ মাতব্বর শাহাব উদ্দিন ঘ মাতব্বর মিলন উদ্দিন

**১৯. অমি কোন পাখির ডাক শুনতে পেয়েছিল?** (জ্ঞান)
ক কোকিল ● ঘুঘু গ কাক ঘ শালিক

**২০. অমি রঙিন পাখিটার কী নাম ঠিক করে?** (জ্ঞান)
ক রঙ্গিনী ● রঙিলা গ রোহিণী ঘ রূ পসী

**২১. রাজার ভূত মানুষের সামনে আর আসবে না কেন?** (অনুধাবন)
ক তার খুনির বিচার হয়ে গেছে বলে
খ তার ছবিটি নষ্ট হয়ে গেছে বলে
গ তার শেষ ইচ্ছে পূরণ হয়ে গেছে বলে
● তার শেষ ইচ্ছের কথা জানানো হয়ে গেছে বলে

**২২. অমি জমিদার বাড়ির কলের প্যাঁচ খুলতে পারল না কেন?** (অনুধাবন)
ক কল নষ্ট হওয়ায় ● কলের প্যাঁচ উল্টোদিকে থাকায়
গ কলের প্যাঁচ শক্ত হওয়ায় ঘ পুরাতন হওয়ায়

**২৩. ছবির লোকটার পরনে কেমন পোশাক ছিল?** (জ্ঞান)
ক জমকালো ● রাজকীয় গ সুন্দর ঘ নীল রঙের

**২৪. জমিদার বাড়ির বসার ঘরে কার ছবি টানানো ছিল?** (জ্ঞান)
● জমিদারের খ অমির গ অমির মামার ঘ অমির নানার

**২৫. পঁচিশ মার্চের পরে রাজার পুরো পরিবার কোথায় গিয়েছিল?** (জ্ঞান)
ক ঢাকায় খ ভারতে ● বিদেশে ঘ ময়মনসিংহে

**২৬. রাজার প্রিয় খাবার কী ছিল?** (জ্ঞান)
ক মিষ্টি ● আইসক্রিম গ নাড়ু ঘ সন্দেশ

**২৭. ছবির কতটুকু অংশ সাদা হয়েছিল?** (জ্ঞান)
ক সম্পূর্ণ খ এক-তৃতীয়াংশ ● অর্ধেক ঘ দুই-তৃতীয়াংশ

**২৮. জমিদার বাড়ির প্রত্যেক ঘরে কী ছিল?** [ডনোভান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● ঘড়ি খ ফোন গ পাখা ঘ বিছানা

**২৯. ময়মনসিংহ যাওয়ার পথে অমি কার বাড়িতে অবস্থান করেছিল?** (জ্ঞান)
ক অমির মামার বাড়ি খ কেয়ারটেকার আবদুলের বাড়ি
● রাজা রায় বল্লভ রায়ের বাড়ি ঘ মাতব্বর মাহতাব উদ্দিনের বাড়ি

**৩০. রাজার অশরীরী আত্মা ঘুরে বেড়াত কেন?** (অনুধাবন)
ক প্রতিশোধ নেয়ার জন্য খ মানুষকে ভয় দেখানোর জন্য
গ গাড়ি পাহারা দেয়ার জন্য ● তার শেষ ইচ্ছের কথা জানানোর জন্য

**৩১. রাজা রায় বলরভ রায় কোথায় গিয়েছিলেন?** (জ্ঞান)
● আমেরিকা খ আফ্রিকা গ ইংল্যান্ড ঘ ভারত

**৩২. অমির কাঁধ ধরে ঝাঁকাচ্ছিল কেন?** (জ্ঞান)
ক আইসক্রিম'অলা ● আবদুল চাচা গ অমির মামা ঘ অচেনা ব্যক্তি

**৩৩. কালাম সাহেব কে?** (জ্ঞান)
ক জমিদার খ কেয়ারটেকার ● অমির মামা ঘ অমির ড্রাইভার

**৩৪. 'ভূতের সঙ্গে তার দেখা হয়েছে এটা কোনোমতেই মানতে রাজি নয় সে'। এখানে অমির চরিত্রের কোন বৈশিষ্ট্যটি প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দক্ষতা)
ক সরলতা খ অবিশ্বাস ● বিচক্ষণতা ঘ কুসংস্কারচ্ছন্নতা

**৩৫. রাজার অশরীরী আত্মার আইসক্রিম'অলার বেশ ধারণের মাধ্যমে প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দক্ষতা)
● রাজার আইসক্রিমপ্রীতি খ অমির ইচ্ছাপূরণ
গ প্রজাদের আইসক্রিমপ্রীতি ঘ রাজার শেষ ইচ্ছাপূরণ

**৩৬. এলাকার লোকেরা মাঝে মাঝে মাহতাবউদ্দিনের বিচার দাবি করে কেন?** (অনুধাবন)
ক প্রজাদের হত্যা করেছিল বলে ● রাজাকে খুন করেছিল বলে
গ প্রজাদের সম্পদ লুট করেছিল বলে ঘ মুক্তিযোদ্ধাদের ধরিয়ে দিয়েছিল বলে

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৭ ও ৩৮নং প্রশ্নের উত্তর দাও :**
আনোয়ার বর্তমানে টেলিভিশনের সংবাদে খবরের কাগজে প্রায়ই যুদ্ধাপরাধীদের বিচারের বিষয়টি মনোযোগ সহকারে শোনে ও দেখে। তৎকালীন সময়ে এদের ঘৃণিত আচরণের বিবরণ শুনে তার কোমল হৃদয়ে এদের প্রতি ঘৃণা জাগে।

**৩৭. অনুচ্ছেদের সাথে তোমার পঠিত কোন গল্পটির ভাবগত মিল রয়েছে?** (প্রয়োগ)
● অমি ও আইসক্রিম'অলা খ আয়না
গ ঋণ পরিশোধ ঘ জাদুকর

**৩৮. অনুচ্ছেদ ও আলোচ্য গল্প পাঠে তোমার মধ্যে কোন ভাবটি জাগ্রত হয়?** (উচ্চতর দক্ষতা)
ক পাকিস্তানি দোসরদের ক্ষমা করা
● পাকিস্তানি দোসরদের বিচারকার্য সম্পন্ন করা
গ পাকিস্তানি দোসরদের শ্রদ্ধা প্রদর্শন করা
ঘ পাকিস্তানি বাহিনীকে ঘৃণা করা

### ➲ শব্দার্থ ➠ বোর্ড বই, পৃষ্ঠা ৪২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৯. বাহিরের মানুষের ব্যবহারের জন্য মূল ঘরের একটু দূরে যে ঘর থাকে তাকে কী বলে?** (জ্ঞান)

ক অন্দর ● কাচারিঘর
গ খাসকামরা ঘ বিশ্রামঘর

৪০. **'চমৎকৃত' শব্দের প্রতিশব্দ কোনটি?** [আন্তঃক্যান্টনমেন্ট বোর্ড হাইস্কুল, রংপুর]
ক ভয় খ ঠাট্টা ● বিস্মিত ঘ কষ্ট

৪১. **'যে মিষ্টি তৈরি করে' তাকে কী বলা হয়?** (জ্ঞান)
● ময়রা খ দধিচি গ সুতার ঘ কারপেন্টার

৪২. **'কেয়ারটেকার' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ক ব্যবস্থাপক খ রক্ষণাবেক্ষণকারী
● তত্ত্বাবধায়ক ঘ উপস্থাপক

৪৩. **'ভোজবাজি' শব্দের অর্থ কী?** [দাউদ পাবলিক স্কুল, যশোর সেনানিবাস]
ক আতশবাজি ● ইন্দ্রজাল গ তৈলচিত্র ঘ জাদু

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৪. **'জৌলুস' শব্দের অর্থ বহন করে যে শব্দ—** (অনুধাবন)
i. চাকচিক্য ii. উজ্জ্বলতা iii. ইন্দ্রজাল
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪৫. **ফরিদুর রেজা সাগরের বাবা ফজলুল হক ছিলেন—** (অনুধাবন)
i. চলচ্চিত্র নির্মাতা
ii. সাংবাদিকতার পথিকৃৎ
iii. 'সিনেমা' পত্রিকার সম্পাদক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৬. **রাজার বাড়ি ছেড়ে পালানোর কারণ—** (অনুধাবন)
i. দেশপ্রেম
ii. প্রজানুরাগ
iii. সম্পত্তি হারানোর ভয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪৭. **মাহতাবউদ্দিন সম্পর্কে যে উক্তিটি সত্য—** (অনুধাবন)
i. পাকিস্তানি দোসর
ii. বাংলাদেশের পতনের বিরোধী
iii. রাজার হত্যাকারী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৪৮. **'অমি ও আইসক্রিমঅলা' গল্পের মূল উদ্দেশ্য—** (উচ্চতর দক্ষতা)
i. যুদ্ধাপরাধীদের বিচার দাবি
ii. মুক্তিযুদ্ধ বিরোধীদের বিচারে জনগণকে সোচ্চার করা
iii. নতুন প্রজন্মে পাকিস্তানি বাহিনীর প্রতি ঘৃণা সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪৯. **জমিদার রায় বল্লভ রায় যার বিচার দাবি করেছিলেন—** (অনুধাবন)
i. যে লোকটি তাঁকে মেরেছে তার
ii. যে তাঁর বাড়ি ধ্বংস করেছে তার
iii. যারা মুক্তিযুদ্ধের বিরোধিতা করেছে তাদের
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৫০. **'অমি ও আইসক্রিমঅলা' গল্পে যে পাখির কথা উল্লেখ আছে—** (অনুধাবন)
i. ঘুঘু
ii. টিয়া
iii. রঙিলা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫১. **পাকিস্তানি সৈন্যদের আসার খবর পেয়ে পালিয়েছিল—** (অনুধাবন)
i. রাজা
ii. রাজার দেহরক্ষীরা
iii. প্রজারা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

৫২. **আইসক্রিমঅলার পরনে ছিল—** (অনুধাবন)
i. হাফপ্যান্ট
ii. হাফশার্ট
iii. পাঞ্জাবি
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**সারসংক্ষেপ** ➡ বোর্ড বই, পৃষ্ঠা ৪১

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৩. **'অমি ও আইসক্রিমঅলা' গল্পটির রচয়িতা কে?** (জ্ঞান)
● ফরিদুর রেজা সাগর খ জাহানারা ইমাম
গ সুফিয়া কামাল ঘ কুসুম কুমারী দাশ

৫৪. **পরিত্যক্ত জমিদার বাড়িতে অমির কে থাকত?** (জ্ঞান)
ক বাবা ● মামা গ মা ঘ চাচা

৫৫. **জমিদার বাড়ির কেয়ারটেকারের নাম কী?** (জ্ঞান)
● আবদুল খ মাহতাব গ আহমেদ ঘ মতিন

৫৬. **জমিদার বাড়িতে একা থাকার সময় অমি কাকে দেখতে পায়?** (জ্ঞান)
● আইসক্রিমঅলাকে খ মামাকে
গ মৃত বন্ধুকে ঘ মৃত চাচাকে

৫৭. **'অমি ও আইসক্রিম' অলা'— কোন ঘটনার প্রতিচ্ছবি?** (উচ্চতর দক্ষতা)
● স্বাধীনতা যুদ্ধ খ ভাষা আন্দোলন গ গণঅভ্যুত্থান ঘ বিশ্বযুদ্ধ

৫৮. **আইসক্রিমঅলা প্রকৃতপক্ষে জমিদার রায় বল্লভ রায়ের—** (অনুধাবন)
ক ছেলে খ মেয়ে গ হত্যাকারী ● অশরীরী আত্মা

৫৯. **'অমি ও আইসক্রিমঅলা কোন জাতীয় রচনা?**
[জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, সিলেট]
● মুক্তিযুদ্ধভিত্তিক খ হাস্যরসাত্মক গ ভৌতিক ঘ রূপকথা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬০. **পরিত্যক্ত জমিদার বাড়িটি ছিল—** (অনুধাবন)
i. রাস্তার পাশে
ii. বনের মধ্যে
iii. পুকুর পাড়ে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১** রাজাকার কর্তৃক মানুষ খুন

সোহাগ তার মামার সাথে সিলেট বেড়াতে গেল। সেখানে তারা একটা রেস্ট হাউজে উঠল। রাতে সোহাগ যে ঘরে ঘুমাতে গেল তার জানালা দিয়ে সে একটা পোড়া দালান দেখতে পেল। কেয়ারটেকার বললেন এই রেস্ট হাউজের মালিক এহসানুল হক বিলেত থেকে ডাক্তারি পাস করে এসে গরিব দুস্থ মানুষের সেবা করার জন্য ওই দালানটিতে দাতব্য চিকিৎসালয় খুলেছিলেন। যুদ্ধের এক রাতে তিনি ওই দালানের ভিতরে বসে একটা অসুস্থ শিশুর চিকিৎসা করছিলেন। সে সময় রাজাকার হাফেজ আলী তার দলবল নিয়ে এসে দালানটিতে আগুন লাগিয়ে দেয়। তাতে এহসানুল হক, শিশু এবং শিশুটির মা তিনজনই অগ্নিদগ্ধ হয়ে মারা

যায়। গভীর রাতে সোহাগ শুনতে পায় কারা যেন দালানের ভিতর ফিসফিসিয়ে কথা বলছে। সে ভয়ে গুটিসুটি মেরে বিছানাতেই শুয়ে থাকে।

ক. ফরিদুর রেজা সাগরের লেখা কোন সিরিজটি ছোট বড় সকলের কাছে জনপ্রিয়তা পেয়েছে? ১

খ. আইসক্রিম'অলার ছদ্মবেশে রাজা অমির কাছে এলেন কেন? ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকের ডাক্তারের চরিত্রের সঙ্গে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের জমিদারের চরিত্রের যেসব মিল রয়েছে তা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের সামগ্রিক বিষয় ধারণ করতে ব্যর্থ হয়েছে– মন্তব্যটি বিচার কর। ৪

## ১ নং প্রশ্নের উত্তর

**ক** ফরিদুর রেজা সাগরের লেখা 'ছোট কাকু সিরিজ' ছোট বড় সকলের কাছে জনপ্রিয়তা পেয়েছে।

**খ** যুদ্ধাপরাধী ও স্বাধীনতা বিরোধিতাকারীদের বিচারের দাবিতে জনগণকে সোচ্চার হওয়ার ইচ্ছা প্রকাশ করার জন্যে রাজা রায় বলরভ রায় আইসক্রিম'অলার ছদ্মবেশে অমির কাছে এলেন।

'অমি ও আইসক্রিম'অলা' গল্পে লেখক মুক্তিযুদ্ধের বিরোধিতাকারীদের বিচারের দাবিতে সোচ্চার হওয়ার বিষয়টি প্রতীকের মাধ্যমে তুলে ধরেছেন। মুক্তিযুদ্ধের সময় স্থানীয় মাতব্বর মাহতাবউদ্দিন রাজা রায় বলরভ রায়কে খুন করে তাঁর বাড়ি দখল করেছিল বলে শোনা যায়। তাই আইসক্রিম'অলার ছদ্মবেশে রাজা অমির কাছে আসেন যুদ্ধাপরাধী ও স্বাধীনতার বিরোধিতাকারীদের বিরবদ্ধে জনগণকে সোচ্চার হওয়ার ইচ্ছা পোষণ করতে।

**গ** উদ্দীপকের ডাক্তার এহসানুল হকের চরিত্রের সঙ্গে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের জমিদার রায় বল্লভ রায়ের চরিত্রের যে প্রধান মিলটি খুঁজে পাওয়া যায় তা হলো দেশপ্রেম।

'অমি ও আইসক্রিম'অলা' গল্পের জমিদার যুদ্ধের সময় তার পরিবারের সকলে বিদেশ চলে গেলেও তিনি তার প্রজাদের ছেড়ে যেতে পারেননি। তিনি চলে গেলে তার প্রজাদেরকে কে দেখবে, বিপদে আপদে কে পাশে দাঁড়াবে সে কথা ভেবেই তিনি দেশে থেকে গেলেন। উদ্দীপকে ডাক্তার এহসানুল হক বিলেতে পড়াশোনা করে ডাক্তারি পাস করেছিলেন। তিনি তার দেশকে, দেশের মানুষকে ভালোবাসতেন। তাই দেশের গরিব দুস্থ মানুষের সেবা করার জন্য তিনি দেশে ফিরে আসেন। দাতব্য চিকিৎসালয় খুলে তিনি দেশের মানুষের চিকিৎসা করতেন। মনের মধ্যে দেশের জন্য গভীর ভালোবাসা থাকলেই কেবল দেশের জন্য এভাবে নিজেকে নিয়োজিত করা যায়। জমিদার রায় বলরভ রায়ের মতো তিনিও তার দেশকে দেশের মানুষকে ভালোবাসতেন। আর এ কারণেই তাদের দু'জনকে নির্মমভাবে মৃত্যুবরণ করতে হয়েছিল। উদ্দীপকের ডাক্তারের চরিত্রের সাথে 'অমি ও আইসক্রিমঅলা' গল্পের রাজার চারিত্রিক মিল রয়েছে।

**ঘ** উদ্দীপকটি 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের সামগ্রিক বিষয় ধারণ করতে ব্যর্থ হয়েছে– এ মন্তব্যটি যথার্থ।

'অমি ও আইসক্রিম'অলা গল্পে অমি যে বাড়িতে অবস্থান নিয়েছে সেটি মুক্তিযুদ্ধের শহিদ জমিদার রায় বলরভ রায়ের বাড়ির। অমি যখন এ বাড়িতে একা থাকে তখন আইসক্রিম'অলা রূ পে একজনকে দেখতে পায়। মানুষের সমাগম হলে আবার আইসক্রিম'অলা হারিয়ে যায়। এ আইসক্রিমঅলাই জমিদার রায় বলরভ রায়ের অশরীরী আত্মা। যুদ্ধাপরাধী ও মুক্তিযুদ্ধের বিরোধিতাকারীদের বিচারে জনগণকে সোচ্চার হওয়ার জন্য অমির কাছে তার শেষ ইচ্ছা প্রকাশ করেন। এই ঘটনাকে কেন্দ্র করে আলোচ্য গল্পে অনেক অনুষঙ্গ আবর্তিত হয়েছে। উদ্দীপকে এইসব অনুষঙ্গের মধ্যে শুধু একটি বিষয় ফুটে উঠেছে। সেটি হলো রাজাকার কর্তৃক মানুষ খুন এবং সেই শহিদ আত্মার অনুভূতি। কিন্তু 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজা রায় বলরভ রায়ের জবানী এবং আবদুল চাচার কাছে থেকে অনেক বিষয়ের উপর দৃষ্টিপাত করা হয় যা উদ্দীপকে উপস্থিত নেই। তাই বলা যায় উদ্দীপকটি আলোচ্য গল্পের সমগ্র ভাব ধারণে ব্যর্থ।

**প্রশ্ন– ২** ▸▸ বাংলা ভাষার মর্যাদা রৰা

রীতার বাবা একজন ভাষাসৈনিক। ১৯৫২ সালের বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে সংগ্রামী ভূমিকা পালন করেন তিনি। গতকাল তিনি মৃত্যুবরণ করেছেন। এ কারণেই রীতার মন আজ খুব খারাপ। রাতে রীতা স্বপ্নে বাবাকে দেখল। বাবা তাকে বলছে– যে ভাষার জন্য এত মানুষ শহিদ হলো সে ভাষাকে কখনো অমর্যাদা কোরো না। এই স্বপ্ন পূরণ হলেই আমার আত্মা শান্তি পাবে।

ক. অমি কোন ধরনের আইসক্রিম চেয়েছিল? ১

খ. রাজা রায় বল্লভ রায় কীভাবে মারা গিয়েছিলেন? ২

গ. উদ্দীপকে রীতার বাবা ও 'আমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজা রায় বলরভ রায়ের মাঝে যে বৈসাদৃশ্য লৰ করা যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'রীতার বাবা এবং 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজার স্বপ্ন পূরণের আকাঙ্ক্ষা একই সূত্রে গাঁথা' মন্তব্যের পৰে মতামত দাও। ৪

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** অমি ভ্যানিলা আইসক্রিম চেয়েছিল।

**খ** রাজা রায় বলরভ রায় মুক্তিযুদ্ধের সময় রাজাকার মাহতাবউদ্দিনের হাতে মারা গিয়েছিলেন।

রাজা রায় বলরভ রায় ছিলেন একজন প্রকৃত দেশপ্রেমিক। তিনি তার প্রজাদের খুব ভালোবাসতেন। প্রজাদের বিপদে তাদের পাশে দাঁড়ানোকে নিজের কর্তব্য মনে করতেন। তাই মুক্তিযুদ্ধের সময় তার পরিবারের সবাই বিদেশ চলে গেলেও প্রজাদের ভালোবেসে তিনি দেশেই থেকে গিয়েছিলেন। পাকিস্তানিদের সাথে জমিদার বাড়ির পথ দিয়ে যাওয়ার সময় মাতব্বর মাহতাবউদ্দিন রাজাকে খুন করে রাজবাড়িটি দখল নিয়েছিল। দেশকে ভালোবাসার অপরাধেই তিনি রাজাকারের হাতে নৃশংসভাবে মারা গিয়েছিলেন।

**গ** উদ্দীপকে রীতার বাবা ও 'অমি ও আইনক্রিম' অলা' গল্পের রাজা রায় বলরভ রায়ের মাঝে বৈসাদৃশ্য হলো রীতার বাবা ভাষা আন্দোলনের জন্য সংগ্রাম করেছেন আর রাজা রায় বলরভ রায় স্বাধীনতার জন্য আত্মাহুতি দিয়েছেন।

'অমি ও আইসক্রিম'অলা' গল্পে রাজা রায় বলরভ রায় একজন জমিদার ছিলেন। মুক্তিযুদ্ধের সময় স্থানীয় মাতব্বর মাহতাবউদ্দিন তাকে খুন করে বাড়ি দখল করেছে বলে শোনা যায়। ১৯৭১ সালের ২৫শে মার্চের পরে রাজার পুরো পরিবার বিদেশে চলে গেলেও দেশ ও দেশের মানুষের টানে তিনি দেশেই রয়ে যান।

গল্পে অমি ময়মনসিংহ যাওয়ার পথে গাড়ি নষ্ট হয়ে গেলে জমিদার বাড়িতে অবস্থান করে। সেখানে আইসক্রিম'অলা ছদ্মবেশে রাজা রায় বলরভের অশরীরী আত্মা অমিকে যুদ্ধাপরাধী ও স্বাধীনতার বিরোধিতাকারীদের বিচারের দাবিতে জনগণকে সোচ্চার হওয়ার ইচ্ছা পোষণ করে। উদ্দীপকে রীতার বাবা ১৯৫২ সালে বাংলাকে রাষ্ট্রভাষা করার জন্য সংগ্রাম করেন এবং রীতাকে স্বপ্নে বলেন, ভাষার মর্যাদা রৰা পেলে তার আত্মা শান্তি পাবে। রাজা মুক্তিযুদ্ধের সংগ্রাম করে নিখোঁজ হয়েছেন আর রীতার বাবা ভাষার জন্য সংগ্রাম করেছেন কিন্তু নিখোঁজ হননি বা জীবন দেননি। এখানেই গল্পের রাজা রায় বলরভের সাথে রীতার বাবার বৈসাদৃশ্য।

**ঘ** বাংলা ভাষার মর্যাদা রৰা ও স্বাধীনতা বিরোধিতাকারীদের বিচারে জনগণকে সোচ্চার হওয়ার স্বপ্নের মাধ্যমে উদ্দীপকের রীতার বাবা এবং 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজার স্বপ্ন পূরণের আকাঙ্ৰা একই সূত্রে গ্রন্থিত হয়েছে।

উদ্দীপকে রীতার বাবা ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সংগ্রাম করেছেন। তিনি মারা গেছেন কিন্তু স্বপ্নে রীতাকে বলেছেন যে বাংলা ভাষার জন্য মানুষ শহিদ হয়েছে সে ভাষার অমর্যাদা যাতে না হয়। তিনি আরো বলেছেন, এ স্বপ্ন পূরণ হলে তার আত্মা শান্তি পাবে। অন্যদিকে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পে রাজা রায় বলরভ রায় মুক্তিযুদ্ধের সময় স্বাধীনতা বিরোধীদের দ্বারা নিখোঁজ হন। গল্পে অমিকে আইসক্রিম'অলা

ছদ্মবেশে রাজা স্বপ্ন পূরণের কথা জানিয়েছেন। রাজার স্বপ্ন হলো যুদ্ধাপরাধী ও স্বাধীনতার বিরোধিতাকারীদের বিচারে জনগণ যাতে সোচ্চার থাকে। এখানে দেখা যায়, উদ্দীপকের রীতার বাবা ও গল্পের রাজার স্বপ্ন পূরণের আকাঙ্ক্ষা একই সূত্রে গাঁথা। কারণ দুজনের স্বপ্নই দেশ ও দেশের ভাষার মঙ্গলের স্বপ্ন।

তাই উলিরখিত আলোচনার পরিপ্রেরিতে বলা যায়। রীতার বাবা এবং 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজার স্বপ্ন পূরণের আকাঙ্ক্ষা একই সূত্রে গাঁথা''— মন্তব্যটি সঠিক।

**প্রশ্ন– ৩ ▸▸** অশরীরী আত্মার বিচার দাবি

শুভা তার চাচির সঙ্গে চাচিদের গ্রামের বাড়ি নোয়াখালীতে বেড়াতে গিয়েছিল। চাচি তাকে কাজল দিঘির পাড়ে নিয়ে গেল। দিঘিটি খুব সুন্দর। কিন্তু এই দিঘি নিয়ে গ্রামে এক অদ্ভুত গল্পের প্রচলন আছে। বহু বছর আগে গ্রামের মানুষের পানির কষ্ট লাঘব করতে এক জমিদার এই দিঘিটি খনন করেছিল। যুদ্ধের সময় রাজাকাররা জমিদারের একমাত্র কন্যা কাজলকে তুলে নিয়ে যায়। পরের দিন এই দিঘির পানিতে কাজলের লাশ ভাসতে দেখা যায়। তারপর থেকে গ্রামের লোকেরা রাতের অন্ধকারে দিঘির ঘাটে বসে কাকে যেন কান্না করতে দেখে। সে কেঁদে কেঁদে বলতে থাকে– বাবা তুমি ওদের বিচার করবে।

ক. অমির মামা বাড়িটি আসলে কী? ১

খ. জমিদার বাড়ির অনেক কিছুই এখন নষ্ট কেন– ব্যাখ্যা কর। ২

গ. শীলার চাচির গ্রামে প্রচলিত গল্পের সঙ্গে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের যে মিল পাওয়া যায় তা বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকটি 'অমি ও আইসক্রিম'অলা গল্পের মূল বিষয় ধারণ করে কি? উত্তরের পরে যুক্তি উপস্থাপন কর। ৪

**৩ নং প্রশ্নের উত্তর**

**ক** অমির মামাবাড়িটি আসলে একটা পরিত্যক্ত জমিদার বাড়ি।

**খ** অযত্ন অবহেলায় জমিদার বাড়ির অনেক কিছুই এখন নষ্ট।

এক সময় এই বিশাল আকার জমিদার বাড়িটার অনেক জৌলুস ছিল। বাড়ির ভিতর একটা ফোন ছিল। পুরো বাড়ির প্রত্যেক ঘরে বড় দেয়ালঘড়ি ছিল। বসার ঘরে ছিল টানা পাখা। কিন্তু যত্নের অভাবে ফোন, ঘড়ি, পাখাসহ জমিদার বাড়ির অনেক কিছু এখন নষ্ট।

শীলার চাচির গ্রামে প্রচলিত গল্পের সাথে আমিও আইসক্রিম অলা গল্পের মিল রয়েছে।

**গ** শুভার চাচির গ্রামে কাজল দিঘি নিয়ে প্রচলিত গল্পের সঙ্গে অমি ও আইসক্রিম'অলা গল্পের প্রধান যে মিলটি রয়েছে তা হলো অশরীরী আত্মার বিচারের দাবি।

মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সৈন্যরা এদেশের মানুষের ওপর নির্মম অত্যাচার চালিয়েছিল। পাকিস্তানি সৈন্যদের সঙ্গে তাল মিলিয়ে লোভী, পাষণ্ড রাজাকারের দল এদেশের মানুষের ওপর অত্যাচার করেছে, তাদের ধন–সম্পদ লুটপাট করেছে। কাজল দিঘি নিয়ে প্রচলিত গল্পে রাজাকারদের অত্যাচারে কাজলকে জীবন বিসর্জন দিতে হয়েছিল। তাই তার আত্মা বিচারের আশায় কাজল দিঘির আশপাশে ঘুরে বেড়ায়। 'অমি ও আইসক্রিম'অলা' গল্পে রাজা রায় বল্লভ রায় দেশদ্রোহী রাজাকারদের হাতে নৃশংসভাবে খুন হয়ে বিচারের আশায় রাজবাড়ির আশপাশে ঘুরে বেড়াত। এদিক দিয়েই কাজল দিঘির গল্প এবং অমি ও আইসক্রিম'অলা গল্পের মিল রয়েছে।

**ঘ** উদ্দীপকটি 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের মূল বিষয় ধারণ করে। 'অমি ও আইসক্রিম'অলা' গল্পে রাজা রায় বল্লভ রায়ের অশরীরী আত্মার বিচার দাবির মধ্য দিয়ে এদেশের মুক্তিযুদ্ধের সময় যারা নির্যাতিত হয়েছিল তাদের বিচারের দাবিকে তুলে ধরেছেন। যা উদ্দীপকের কাজলদিঘির গল্পের অশরীরী জমিদার কন্যার বিচার দাবির সাথে সাদৃশ্যপূর্ণ।

যুদ্ধের সময় পাকিস্তানি সৈন্যরা এদেশকে ধ্বংস করার জন্য যে নিকৃষ্ট পরিকল্পনা করেছিল তা বাস্তবায়নের জন্য এদেশের পাষণ্ড, লোভী দেশদ্রোহী কিছু লোকজন নিয়ে রাজাকার বাহিনী গড়ে তুলেছিল। পাকিস্তানি সৈন্যদের সঙ্গে তাল মিলিয়ে এসব রাজাকাররা এদেশের মানুষের ওপর নির্মম অত্যাচার চালিয়েছিল। তারা দেশপ্রেমিক ধনী লোকদের খুন করে তাদের ধন–সম্পদ দখল করেছিল। এ রকম একজন দেশপ্রেমিক শহিদ হলেন রাজা রায় বলরভ। তার হত্যার বিচারের দাবির মাধ্যমে সকল যুদ্ধাপরাধীর বিচার দাবিই হলো 'অমি ও আইসক্রিম অলা' গল্পের মূল বিষয়। উদ্দীপকে দেখা যায়, যুদ্ধের সময় রাজাকাররা কাজলকে তুলে নিয়ে যায়। পরের দিন দিঘির পানিতে কাজলের লাশ ভাসতে দেখা যায়। তারপর থেকে কাউকে রাতের অন্ধকারে দিঘির ঘাটে বাদতে দেখা যায়। আর নিজের হত্যার বিচার দাবির মাধ্যমে কাজল ও যেন সমস্ত যুদ্ধাপরাধীর বিচার দাবি করেছে।

তাই বলা যায়, উদ্দীপকটি 'অমি ও আইসক্রিম'অলা গল্পের মূল বিষয় ধারণ করে।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৪ ▸▸** মুক্তিযোদ্ধাদের পাকিস্তানিদের হাতে ধরিয়ে দেয়া

অরণ্য বাবা মায়ের সাথে ভ্রমণের উদ্দেশ্য বের হয়ে 'ক' নামক একটি ইতিহাস বিখ্যাত জমিদার বাড়িতে গেল। এখানে জমিদার পরিবারের ব্যবহার্য জিনিসপত্র, যুদ্ধে ব্যবহার্য জিনিসপত্র এবং বিভিন্ন ধরনের পুরনো ঐতিহ্য সংরক্ষণ করা আছে। এই জমিদার বাড়ির রাজা ছিলেন অত্যাচারী। মুক্তিযুদ্ধের প্রাক্কালে তিনি এলাকার বহু মুক্তিযোদ্ধাদেরকে পাকিস্তানিদের হাতে ধরিয়ে দেয়। অবশেষে দেশ স্বাধীন হলে মুক্তিযোদ্ধাদের ভয়ে পার্শ্ববর্তী দেশে আশ্রয় গ্রহণ করে।

ক. রাজা রায় বলরভ রায়কে খুন করেছিল কে? ১

খ. রাজার ছবিটি ধীরে ধীরে অদৃশ্য হয়ে যায় কেন? ২

গ. উদ্দীপকের রাজবাড়ির সাথে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজবাড়ির সাদৃশ্য বৈসাদৃশ্য তুলে ধর। ৩

ঘ. 'উদ্দীপকের রাজা এবং 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজা দুই বিপরীত মেরুর মানুষ'– মন্তব্যটি বিচার কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** 'রাজা রায় বলরভ রায়কে খুন করেছিল মাতব্বর মাহতাবউদ্দিন।

**খ** রাজার হাতে থাকা আইসক্রিম থেকে চুঁয়ে পড়া তরল পদার্থ পড়ে রাজার ছবি ধীরে ধীরে অদৃশ্য হয়ে যায়।

রাজবাড়িতে রাজা রায় বলরভ রায়ের একটি তৈলচিত্র ছিল। একসময় অমি ও তার আবদুল চাচা দেখল যে রাজার হাতে একটি আইসক্রিম ধরা সেই আইসক্রিম থেকে তরল পদার্থ চুঁয়ে চুঁয়ে পড়ছে আর সেই তরল পদার্থ যেখনে পড়ছে সেই অংশটুকু অদৃশ্য হয়ে যাচ্ছে। রাজা অমিকে যুদ্ধপরাধী ও মুক্তিযুদ্ধের বিরোধিতাকারীদের বিচারে জনগণকে সোচ্চার হওয়ার শেষ ইচ্ছা জানিয়ে রাজার অশরীরী আত্মা অদৃশ্য হয়ে যায়।

***Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দরতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–***

**গ** উদ্দীপকে রাজবাড়ির সাথে 'অমি ও আইসক্রিম' অলা' গল্পের জমিদার বাড়ির স্বরূ প তুলনা কর।

**ঘ** 'উদ্দীপকের কথা 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের দুই ছাড়াকারের চারিত্রিক বৈশিষ্ট্য বিশেরষণ কর।

**প্রশ্ন– ৫ ▸▸** শত্রবদের হাতে প্রাণ বিসর্জন

বাদল চন্দ্র একজন জমিদার। প্রজাদের প্রতি তার ছিল অসীম দরদ। প্রজারাও তাকে ভালোবাসতো। এমন সময় দেশ বিভাগের গুজব উঠল। বাদল চন্দ্র বললেন, প্রাণ গেলেও প্রজাদের ছেড়ে দেশ ছেড়ে পালাব না। কিন্তু তার ভাগ্য খুবই খারাপ। প্রজারা সব পালিয়ে ভারত গেল। আর তিনি শত্রবদের হাতে প্রাণ হারালেন।

ক. পুরো বাড়ির প্রত্যেক ঘরে কী ছিল? ১

খ. ময়রা নিজের মিষ্টি খায় না কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রজাদের পালিয়ে যাওয়ার সাথে 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের মিল দেখাও। ৩

ঘ. বাদল চন্দ্র ও 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের রাজা রায় বলরভ রায় একই কারণে দুর্ভোগের শিকার''–মন্তব্যটি বিচার কর। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** পুরো বাড়ির প্রত্যেক ঘরে দেয়াল ঘড়ি ছিল।

**খ** ময়রা নিজের মিষ্টি খায় না কারণ– সারাৰণ মিষ্টির কাজ করে মিষ্টির প্রতি সে আকর্ষণ হারিয়ে ফেলে।

ময়রার পেশা হলো মিষ্টি তৈরি করা, সারাদিন সে মিষ্টি তৈরি করে। ফলে মিষ্টি খাওয়ার জন্য মনে যে আগ্রহ দরকার সে আগ্রহ ময়রার মনে থাকে না। এজন্যই ময়রা নিজের মিষ্টি খায়না।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের দেশ ছেড়ে যাওয়া মানুষদের তৎকালীন অবস্থা ব্যাখ্যা কর।

**ঘ** 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের মূল বক্তব্য আলোচনা কর।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ অমির মামা কে?**
**উত্তর :** অমির মামা কালাম সাহেব।

**প্রশ্ন ॥ ২ ॥ 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের জমিদারের নাম কী?**
**উত্তর :** 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের জমিদারের নাম রায় বলৱভ রায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ জমিদার বাড়ির প্রত্যেক ঘরে বড় বড় কী ছিল?**
**উত্তর :** জমিদার বাড়ির প্রত্যেক ঘরে বড় বড় দেয়াল ঘড়ি ছিল।

**প্রশ্ন ॥ ৪ ॥ আইসক্রিম'অলা অমির কাছে কী খেতে চেয়েছিল?**
**উত্তর :** আইসক্রিম'অলা অমির কাছে পানি খেতে চেয়েছিল।

**প্রশ্ন ॥ ৫ ॥ জমিদার বাড়ির সব কলের প্যাঁচ কোনদিকে?**
**উত্তর :** জমিদার বাড়ির সব কলের প্যাঁচ উল্টোদিকে।

**প্রশ্ন ॥ ৬ ॥ কে রাজাকে খুন করে বাড়ির দখল নেয় বলে শোনা যায়?**
**উত্তর :** মাতব্বর মাহতাবউদ্দিন রাজাকে খুন করে বাড়ির দখল নেয় বলে শোনা যায়।

**প্রশ্ন ॥ ৭ ॥ রাজা রায় বলৱভ রায়ের সাথে কার চেহারা হুবহু মিলে গিয়েছে?**
**উত্তর :** রাজা রায় বলৱভ রায়ের সাথে আইসক্রিম'অলার চেহারা হুবহু মিলে গিয়েছে।

**প্রশ্ন ॥ ৮ ॥ অমির কাছে কে যুদ্ধাপরাধীদের বিচারের দাবি করেছে?**
**উত্তর :** রাজা রায় বলৱভ রায় অমির কাছে যুদ্ধাপরাধীদের বিচারের দাবি করেছেন।

**প্রশ্ন ॥ ৯ ॥ রাজা রায় বলৱভ রায় তাঁর শেষ ইচ্ছার কথা কাকে বলে গিয়েছেন?**
**উত্তর :** রাজা রায় বলৱভ রায় তাঁর শেষ ইচ্ছার কথা অমিকে বলে গিয়েছেন।

**প্রশ্ন ॥ ১০ ॥ রাজার প্রিয় খাবার ছিল কী?**
**উত্তর :** রাজার প্রিয় খাবার ছিল আইসক্রিম।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ 'অমি ও আইসক্রিম'অলা' গল্পের আইসক্রিম'অলার প্রকৃত পরিচয় দাও।**
**উত্তর :** 'অমি ও আইসক্রিম'অলা' গল্পে আইসক্রিম'অলার প্রকৃত নাম জমিদার রায় বলৱভ রায়।
'অমি ও আইসক্রিম'অলা' গল্পে আইসক্রিম'অলার প্রতীকে একজন নিরপরাধ হিন্দু জমিদারকে তুলে ধরা হয়েছে। রায় বলৱভ রায় নামক প্রজাদরদি এ জমিদারকে ১৯৭১ সালে স্বাধীনতার বিরোধী চক্র হত্যা করেছিল। তাঁর অতৃপ্ত আত্মা আইসক্রিম'অলার বেশে জমিদার বাড়ির আশেপাশে ঘুরে বেড়ায় কারণ তার মৃত্যুর কোন বিচার হয়নি।

**প্রশ্ন ॥ ২ ॥ আইসক্রিম'অলা অমির কাছে বারবার আসে কেন?**
**উত্তর :** আইসক্রিম'অলা অমির কাছে বার বার তার হত্যাকারীর বিচার চাইতে আসে।
গল্পে চিত্রিত আইসক্রিম'অলা আসলে জমিদার রায় বলৱভ রায়ের অতৃপ্ত আত্মা। ১৯৭১ সালে স্বাধীনতার বিরোধী শক্তি তাঁকে হত্যা করে তাঁর সহায়–সম্পত্তি দখল করেছিল। এসব যুদ্ধাপরাধীর বিচার দাবি করেন আইসক্রিম'অলার বেশধারী রায় বলৱভ রায়। অমির নিকট তিনি তাঁর শেষ ইচ্ছের কথা জানাতে বারবার এসেছিলেন।

**প্রশ্ন ॥ ৩ ॥ অমি অবাক হয় কেন?**
**উত্তর :** আইসক্রিম'অলা পানি খেতে চাইলে অমি অবাক হয়।
গল্পে জমিদার আইসক্রিম'অলা সেজে ছদ্মবেশে অমিকে দেখা দেন। সে নিজের ইচ্ছার কথা জানানোর জন্য অমির কাছে আসে। আইসক্রিম অথবা, পানি উভয় দ্রব্য দ্বারাই তৃষ্ণা বা পানীয়ের চাহিদা পূরণ করা সম্ভব। এই আইসক্রিম নিজের কাছে থাকা সত্ত্বেও অমির কাছে রাজা পানি খেতে চাইলে অমি অবাক হয়।